

...
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
এমপিও শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.২৩.০০১.২২.১০২

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৯

১৪ সেপ্টেম্বর ২০২২

বিষয়: নিয়মিত কমিটিবিহীন বিভিন্ন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের নিয়োগ/যোগদানের জটিলতা নিরসন।

সূত্র: কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৮.১৮.০০২.১৯-১২৪৬ তারিখ-১৪.০৬.২০২২খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের নিয়োগ/এমপিওভুক্তিদের ক্ষেত্রে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

ক) এডহক বা বিশেষ কমিটি/কমিটি বিহীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কিংবা মামলা বা অন্য কোন কারণে যে সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কমিটি গঠনে জটিলতার সৃষ্টি হয়, সেক্ষেত্রে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের নিয়োগ/যোগদান পত্রে/এমপিওভুক্তির প্রস্তাবে জেলা সদরের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক এবং জেলা সদরের বাইরের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার প্রতিস্বাক্ষর করবেন;

(খ) পরবর্তীতে নিয়মিত কমিটি গঠিত হলে এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের নিয়োগ অবশ্যই নিয়মিত কমিটি কর্তৃক ভূতাপেক্ষভাবে অনুমোদন করতে হবে;

(গ) বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ [ভোকেশনাল, ব্যবসায় ব্যবস্থাপনা (বিএম), কৃষি ডিপ্লোমা ও মৎস্য ডিপ্লোমা] (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তর এমপিও সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করবে।

১৪-৯-২০২২

সাজ্জাদ হোসেন

উপসচিব

ফোন: ৯৫৭৫৮০৭

ফ্যাক্স: ০২-৯৫৮৪৪৬৬

ইমেইল: dsmpo72@gmail.com

মহাপরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.২৩.০০১.২২.১০২/১(৯)

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার,.....(সকল)।
- ২) যুগ্মসচিব, জেলা ও মাঠ প্রশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) জেলা প্রশাসক,.....(সকল)।
- ৪) জেলা শিক্ষা অফিসার,.....(সকল)।
- ৫) সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭) উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল)।
- ৮) উপজেলা শিক্ষা অফিসার,.....(সকল)।
- ৯) অফিস কপি।



১৪-৯-২০২২

সাজ্জাদ হোসেন

উপসচিব